তারিখ ... 15 AUG ...
পৃষ্ঠা ... কলাম ...

# দেশের শিক্ষা ও সংস্কৃতি বাংলাদেশী মূল্যবোধের আলোকে গড়ে তোলা উচিত ঃ — প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বিভিন্ন জাতির মধ্যে এই জাতির সম্মানজনক আসন নিশ্চিত করতে দেশের শিক্ষা, সংস্কৃতি, শিল্পকলা ও ইতিহাসকে বাংলাদেশী মূল্যবোধের আলোকে গড়ে তোলা উচিত। প্রধানমন্ত্রী গতকাল শিশু একাডেমী মিলনায়তনে "জিয়া শিশু কিশোর সংগঠনের" ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে এক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, তার গণতান্ত্রিক সরকার দেশের নিজস্ব সংস্কৃতি, শিল্পকলা, ইতিহাস ও শিক্ষাকে তুলে ধরতে সব রকম পদক্ষেপ নেবে। খবর ইউএনবি'র।

বেগম খালেদা জিয়া বলেন, সরকারের সবচেয়ে বড় লক্ষ্য হলো শিশুদের দেশের ভবিষ্যত হিসেবে গড়ে তুলতে তাদের সার্বিক কল্যাণ সাধন করা। তিনি একটি সুখী ও সমৃদ্ধশালী ভবিষ্যতের জন্যে শিশুদের দেশের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ছাত্র, শিক্ষক ও অভিভাবকসহ সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহবান জানান। প্রধানমন্ত্রী এ প্রসঙ্গে অগ্রাধিকারের ভিত্তিতে সরকারের নেয়া প্রাথমিক শিক্ষা কর্মসূচির কথা উল্লেখ করেন।